২৬/১১/২০০৩

যুগান্তর

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ২ কলাম ৩

# ইডেন কলেজে ছাত্রদলের দুগ্রুপে চুলোচুলি ও ধস্তাধস্তি, আহত ১০

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক** : ইডেন কলেজে ছাত্রদলের দুই গ্রুপের মহিলা কর্মীদের মধ্যে গতকাল সন্ধ্যায় চুলোচুলি এবং ধস্তাধস্তির ঘটনা ঘটে। এ ঘটনায় উভয় গ্রুপের ৮/১০ জন ছাত্রী আহত হয় এই কলেজে ছাত্রদলের আহ্বায়ক কমিটি বিলুপ্তিকে কেন্দ্রকরে গতকাল সন্ধ্যায় কলেজ ক্যাম্পাসে ছাত্রদলের মুকুল গ্রুপ এবং সাইমুন গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া এবং চুলাচুলির ঘটনা ঘটে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা যায়। এ ঘটনার পর ক্যাম্পাসে মহিলা পুলিশ মোতায়েন করা হয়েছে। কমিটি বিলুপ্তিকে কেন্দ্র করে গত শনিবারও ক্যাম্পাসে ছাত্রদলের প্রতিদ্বন্দ্বী দুই গ্রুপের কর্মীদের মধ্যে ধস্তাধস্তি এবং চুলাচুলির ঘটনা ঘটে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, গত কয়েকদিন আগে ছাত্রদলের মহানগর শাখা ফাহিমা আক্তার মুকুলকে নিয়ে গঠিত কমিটি ভেঙে দেয়। এই কমিটি ভাঙার পেছনে সাইমুন বেগমের কারসাজি রয়েছে বলে মুকুল গ্রুপ অভিযোগ করে। গত শনিবার সাইমুন বহিরাগত ছাত্রীদের নিয়ে রাজিয়া হোস্টেলে মুকুলকে ভয়-ভীতি দেখালে হোস্টেলের ছাত্রীদের সঙ্গে সাইমুনের ধস্তাধস্তি এবং চুলাচুলিও হয়। পরে সাইমুন কলেজ ত্যাগ করলে মুকুল গ্রুপের কর্মীরা সাইমুনকে কলেজে প্রবেশ নিষিদ্ধ ঘোষণা করে।